

প্রাথমিক শিক্ষকদের আলটিমেটাম

নিজস্ব প্রতিবেদক

৭ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৭ অক্টোবর ২০১৯ ০০:০৯



আমাদের মমতা

সহকারী শিক্ষকদের ১১তম গ্রেড এবং প্রধান শিক্ষকদের দশম গ্রেডে বেতন ক্ষেত্রে নির্ধারণের দাবিতে ৭ দিনের আলটিমেটাম দিয়েছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদ। গতকাল রবিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলনে এই আলটিমেটাম দেওয়া হয়।

লিখিত বক্তব্যে ঐক্য পরিষদের সদস্য সচিব শামছুদ্দীন মাসুদ বলেন, বর্তমান সরকার শিক্ষার উন্নয়নে ব্যাপক কাজ করেছে। সরকারি কর্মচারীদের বেতন দিগ্নণ করেছে। তবে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন কাঠামোয় এখনো অনেক বৈষম্য রয়ে গেছে। বিশেষ করে সরকারি অন্যান্য বিভাগের কর্মচারীদের সঙ্গে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন ক্ষেত্রে ব্যাপক ব্যবধান রয়েছে।

স্নাতক ও স্নাতকোত্তর ডিপ্লি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিপিএড কোর্স সম্পন্ন করে একজন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১২তম গ্রেডে ১২ হাজার ৫০০ টাকা এবং একজন সহকারী শিক্ষক ১৫তম গ্রেডে ৯ হাজার ৭০০ টাকা বেতন পান। অর্থাৎ অন্য সরকারি ডিপার্টমেন্টে এর চেয়ে কম শিক্ষাগত যোগ্যতা নিয়েও প্রাথমিক শিক্ষকদের তুলনায় কয়েক গ্রেড

ওপরের ক্ষেত্রে বেতন ভোগ করেন। যেমন স্বাস্থ্য বিভাগের একজন সেবিকা, কৃষি বিভাগের ব্লক সুপারভাইজার, ডিপ্লোমা প্রকৌশলী, বিভিন্ন মন্ত্রণালয়ের ক্যাটালগার, উচ্চমান সহকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চেয়ে কয়েক গ্রেড ওপরের ক্ষেত্রে বেতন পেয়ে থাকেন।

বিভিন্ন সময় দাবি মানার আশ্বাস দেওয়া হলেও তা বাস্তবায়ন হয়নি জানিয়ে শামচুন্দীন মাসুদ বলেন, আমরা কঠোর আন্দোলনে

যেতে বাধ্য হচ্ছি। এরই পরিপ্রেক্ষিতে দেশের প্রায় ১৪টি প্রাথমিক শিক্ষক সংগঠন ঐক্যবন্ধ হয়ে আজকের সংবাদ সম্মেলনের মাধ্যমে বেতনবৈষম্য নিরসনে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করছি।

তিনি জানান, ১৩ অক্টোবরের মধ্যে দাবি আদায় না হলে পরদিন বিদ্যালয়ে সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত কর্মবিরতি পালন করা হবে। ১৫ অক্টোবর একই কর্মসূচি এবং ১৬ অক্টোবর নিজ নিজ বিদ্যালয়ে অর্ধদিবস কর্মবিরতি। ১৭ অক্টোবর পূর্ণদিবস কর্মবিরতি পালন করা হবে। এর পরও দাবি আদায় না হলে ২৩ অক্টোবর ঢাকায় মহাসমাবেশের মাধ্যমে পরবর্তী লাগাতার কর্মসূচি দেওয়া হবে।

সংবাদ সম্মেলনে শিক্ষক নেতাদের মধ্যে ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা আনোয়ারুল ইসলাম তোতা, প্রধান সমন্বয়ক মো. আতিকুর রহমান আতিক, নীতিনির্ধারণী কমিটির চেয়ারম্যান আব্দুল্লাহ সরকার, আহ্বায়ক আনিসুর রহমান, মুখ্যপাত্র বদরুল আলম প্রমুখ।